

প্রাতিষ্ঠানিক অর্থনৈতিক খাতে নারীদের অংশগ্রহণের বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা নিয়ে বাংলাদেশ কৃষি ব্যাংক কর্তৃক নারী উদ্যোক্তা খাতে ঋণ প্রবাহ বৃদ্ধির উদ্যোগ নেয়া হয়েছে।

সিএমএসএমই ঋণের মাধ্যমে নারী উদ্যোক্তা সৃষ্টিতে বাংলাদেশ কৃষি ব্যাংকের ভূমিকাঃ

- নারী সমাজকে দেশের অর্থনৈতিক উন্নয়নের কেন্দ্র বিন্দুতে সম্পৃক্ত করা ;
- সফল ও স্বাবলম্বী নারী উদ্যোক্তা শ্রেণী সৃষ্টি করা ;
- কুটির, মাইক্রো, ক্ষুদ্র ও মাঝারি শিল্পে নারী উদ্যোক্তাদের ব্যবসায়িক কর্মকান্ড পরিচালনার জন্য ব্যাংক ঋণ প্রাপ্তি নিশ্চিত করা ;
- শাখা ভিত্তিক নারী উদ্যোক্তাদের জন্য আলাদা বাজেট সংরক্ষণ;
- ব্যাংকের প্রতিটি শাখায় নারী উদ্যোক্তাদের প্রয়োজনীয় সহায়তা ও পরামর্শ প্রদানের জন্য Women Entrepreneur's Dedicated Desk' স্থাপনপূর্বক একজন নারী কর্মকর্তা নিয়োগ দেয়া হয়েছে। এছাড়াও প্রধান কার্যালয়সহ বিভিন্ন নিয়ন্ত্রনকারী কার্যালয়ে 'নারী উদ্যোক্তা উন্নয়ন ইউনিট নারী উদ্যোক্তাদের জন্য বিশেষ পরামর্শ ও সেবা কেন্দ্র হিসাবে কাজ করছে।

নারী উদ্যোক্তাদের অগ্রাধিকারঃ

- নারী উদ্যোক্তাদের সহজ শর্তে নির্দিষ্ট অংকের ঋণের জন্য স্থাবর সম্পত্তি জামানত/সহায়ক জামানতের প্রয়োজন হয় না।
- বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়ন স্কিমের আওতায় প্রচলিত সুদহার অপেক্ষা হ্রাসকৃত সুদহারে অর্থায়ন করা হয়।
- পুনঃঅর্থায়নের আওতায় গৃহিত ঋণের যথাযথ ব্যবহার নিশ্চিতকল্পে রিবেট পাওয়ার সুযোগ রয়েছে।

ঋণ প্রাপ্তির জন্য নারী উদ্যোক্তাদের যোগ্যতাঃ

- ক) ১৮ বছরের উর্ধ্বে বাংলাদেশের যে কোন সুস্থ মহিলা নাগরিক এ ঋণ প্রাপ্তির যোগ্য হবেন ;
- খ) সংশ্লিষ্ট বিষয়ে অভিজ্ঞতা, ব্যবস্থাপনায় দক্ষ, কারিগরি ও বাজার সম্পর্কিত জ্ঞানসম্পন্ন আগ্রহী মহিলা উদ্যোক্তাগণ এ ঋণের যোগ্য কলে বিবেচিত হবেন ;
- গ) ঋণ ব্যবহারের যোগ্যতাসহ ঋণ পরিশোধের ক্ষমতা এবং সামাজিক ও অর্থনৈতিক আচরণে সুনামের অধিকারী হতে হবে ;
- ঘ) বাংলাদেশ ব্যাংক হতে প্রাপ্ত সিআইবি রিপোর্ট অনুকূল হতে হবে।

নারী উদ্যোক্তা ঋণের অনুমোদিত খাতঃ

১. কৃষিভিত্তিক শিল্প ও কৃষিপন্য প্রক্রিয়াজাতকারণ এবং কৃষি যন্ত্রপাতি প্রস্তুতকারী শিল্প
২. কৃষিভিত্তিক কর্মকান্ড
৩. মৎস্য চাষ ও রেনু পোনা উৎপাদন এবং প্রাণীসম্পদ
৪. তাঁত, হস্ত ও কারশিল্প (নকশী কাঁথা)
৫. নবায়নযোগ্য শক্তি যেমন- সোলার পাওয়ার, উইন্ডমিল
৬. চাতাল ব্যবসা
৭. পাট ও পাটজাতপন্য
৮. চামড়া ও চামড়াজাত পণ্য শিল্প
৯. অটোমোবাইল প্রস্তুত ও মেরামতকারী শিল্প
১০. জুয়েলারী শিল্প

১১. আগর ও মোমবাতি শিল্প
১২. টেইলারিং
১৩. সেলুন ও বিউটি পার্লার, জিম
১৪. বুটিকস/বাটিকস
১৫. বিভিন্ন ক্ষুদ্র ব্যবসা

এছাড়াও সিএমএসএমই ঋণের জন্য অনুমোদিত সকল খাতেই নারী উদ্যোক্তাদের অর্থায়ন করা যাবে।

ঋণ সীমাঃ

উৎপাদনশীল শিল্পে সর্বোচ্চ ৭৫.০০ কোটি টাকা এবং সেবা শিল্পে সর্বোচ্চ ৫০.০০ কোটি টাকা অর্থায়ন করা হয়। প্রকল্প ও মেয়াদী ঋণের ক্ষেত্রে মোট প্রকল্প ব্যয়ের ৬০ঃ৪০ ঋণ ইকুইটি অনুপাতে এবং চলতি মূলধন/নগদ পুঁজি ঋণের ক্ষেত্রে ৭০ঃ৩০ ঋণ মার্জিন অনুপাতে ঋণ প্রদান করা হয়।

ঋণের ধরণ ও মেয়াদঃ

- ক) স্বল্পমেয়াদী (১২ মাস পর্যন্ত) : চলতি মূলধন/নগদ পুঁজি ঋণ;
- খ) মেয়াদী (১২মাসের বেশী, অনুর্ধ্ব ৫ বছর) : মধ্যমেয়াদী/প্রকল্প ঋণ।

সুদের হারঃ

- নারী উদ্যোক্তা ঋণের সুদের হার ৯% (প্রকল্প ও চলতি মূলধন/নগদ পুঁজি)
- বাংলাদেশ ব্যাংকের পুনঃঅর্থায়ন তহবিলের আওতায় হ্রাসকৃত সুদহারে অর্থায়নের ও রিবেট প্রাপ্তির সুযোগ রয়েছে।

ঋণের পরিশোধসূচিঃ

- ক) মেয়াদী/প্রকল্প ঋণঃ ব্যবসার উৎপাদন চক্র এবং তহবিল প্রবাহ বিবেচনায় মাসিক/ত্রৈমাসিক/ষান্মাষিক/বার্ষিক ভিত্তিতে পরিশোধসূচি নির্ধারিত হবে এবং পরিশোধের সর্বোচ্চ সময়সীমা গ্রোস পিরিয়ডসহ ৫(পাঁচ) বছর হবে।
- খ) চলতি মূলধন/নগদ পুঁজি ঋণঃ এ ঋণ ১(এক) বছর মেয়াদী হবে। বছরান্তে ব্যবসার অবস্থার নিরিখে এবং টার্নওভার বিবেচনায় ঋণ নবায়ন/বর্ধিত করা যাবে।

প্রয়োজনীয় উল্লেখযোগ্য কাগজপত্রঃ

নারী উদ্যোক্তাদের ঋণ আবেদনের সময় নিম্নোক্ত কাগজপত্রাদি দাখিলের প্রয়োজনঃ

- উদ্যোক্তা/উদ্যোক্তাদের প্রয়োজনীয় সংখ্যক পাসপোর্ট সাইজের ছবিসহ জীবন বৃত্তান্ত ;
- জাতীয় পরিচয়পত্র ;
- ট্রেড লাইসেন্স
- স্থাবর/অস্থাবর সম্পদ এবং দায়ের বিষয়ে বিস্তারিত বিবরণসহ ঘোষণাপত্র ;
- বন্ধকী ঋণের বিষয়ে বন্ধকী সম্পত্তি বিষয়ক কাগজপত্র ;
- ই-টিন সার্টিফিকেট।

ঋণ আবেদন ও মঞ্জুরী প্রক্রিয়াঃ

সম্ভাব্য নারী উদ্যোক্তা ঋণ গ্রহণের জন্য প্রকল্প/ব্যবসা প্রতিষ্ঠানের নিকটস্থ কৃষি ব্যাংকের শাখায় দাখিল করবেন। আবেদনপত্র প্রাপ্তির পর সংশ্লিষ্ট শাখা প্রকল্প/ব্যবসা প্রতিষ্ঠান সরেজমিনে পরিদর্শন পূর্বক অর্থায়নযোগ্য বিবেচিত হলে প্রয়োজনীয় কাগজপত্রসহ আনুষ্ঠানিক ঋণ আবেদনপত্র শাখায় দাখিল করতে হবে। কর্তৃপক্ষ কর্তৃক ঋণটি মঞ্জুরী প্রদানের পর সংশ্লিষ্ট শাখায় দলিলাদি সম্পাদনপূর্বক ঋণ বিতরণ কার্যক্রম শুরু হবে।